গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

নম্বর-৪৬.০৪.০০০০.০০০.১০১.১১.০০০১.২৫.**১৮৭৬**

তারিখ: ০৬ পৌষ ১৪৩২ / ২১ ডিসেম্বর ২০২৫

## বিজ্ঞপ্তি

বিষয়: পুলিশ প্রতিবেদন ফরম পূরণপূর্বক দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ০৩ (তিন) ক্যাটাগরির (ব্যক্তিগত সহকারী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং অফিস সহায়ক) ০৮ (আট) টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকায় নির্বাচিত প্রার্থীদের (ব্যক্তিগত সহকারী-১১০০২৩৩, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-১৩০০২১৯ এবং অফিস সহায়ক-১৪০১২৬৮, ১৪০০৮৬০, ১৪০১০২১, ১৪০২৬৫২, ১৪০১৯৪১, ১৪০২১৮৯) স্ব স্ব পুলিশ প্রতিবেদন প্রয়োজন।

০২। এমতাবস্থায়, আগামী ০৪ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে স্বহস্তে পূরণকৃত পুলিশ প্রতিবেদন ছক আবশ্যিকভাবে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন বরাবর দাখিল করার জন্য প্রাথমিকভাবে নির্বাচিত সকল প্রার্থীকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, পুলিশ প্রতিবেদন ছক এ কার্যালয়ের ওয়েব সাইট (www.orgbdr.gov.bd) থেকে ডাউনলোড করে পূরণ করা যাবে।

০৩। বিষয়টি অতীব জরুরি।

21/12/2025

(সামিউল ইসলাম রাহাদ)
সহকারী রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ৪১০৫২২৬৩
ই-মেইল: arg.admin@orgbdr.gov.bd

সংযুক্তি: পুলিশ ভেরিফিকেশন ফরম

**বিতরণ:**

০১। প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে**

০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন (রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। উপ- রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন (উপ-রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। নোটিশ বোর্ড।

## প্রাক চাকরি বৃত্তান্ত যাচাই ফরম [পুলিশ ভেরিফিকেশন ফরম]

| | | |
|---|---|---|
| প্রার্থী যে পদে নিযুক্ত হবেন সে পদের নাম | : | |
| **প্রথম ভাগ [প্রার্থী নিজে পুরণ করবেন]:** | | |
| ১. প্রার্থীর পুরা নাম (ডাক নামসহ স্পষ্টাক্ষরে) | | |
| ২. নাগরিকত্ব | : | |
| ৩. পিতার পুরা নাম ও চাকরিতে থাকলে<br>(ক) পদের নামসহ<br>(খ) নাগরিকত্ব | : | |
| ৪. মাতার নাম<br>(ক) নাগরিকত্ব | : | |
| ৫. স্থায়ী ঠিকানা (আবেদনের সাথে সামঞ্জস্য রেখে) | : | |
| ৬. বর্তমান বাসস্থানের ঠিকানা | : | |
| ৭. জন্ম তারিখ (মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী) | : | |
| ৮. জন্মস্থান (গ্রাম, থানা/উপজেলা, জেলা ইত্যাদি উল্লেখ করতে হবে) | : | |

৯. প্রার্থী যেসব স্থানে বিগত পাঁচ বছরে ছয় মাসের অধিক অবস্থান করেছেন সে সব স্থানের ঠিকানা:

| ক্রমিক নম্বর | ঠিকানা | তারিখ হতে | তারিখ পর্যন্ত |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |
| ৪. | | | |

১০. প্রার্থী ১৫ (পনের) বছর বয়স হতে যেসব বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় অধ্যয়ন করেছেন সে সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বছর উল্লেখপূর্বক শিক্ষাগত যোগ্যতা:

| বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | এস,এস,সি/এইচ,এস,সি/অনার্স/মাস্টার্স ডিগ্রির রেজি: নম্বর/রোল নম্বর | ভর্তির তারিখ/ বৎসর/সেশন | পরিত্যাগের তারিখ/বৎসর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

চলমান পাতা-০২

| বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | এস,এস,সি/এইচ,এস,সি/অনার্স/মাস্টার্স ডিগ্রির রেজি: নম্বর/রোল নম্বর | ভর্তির তারিখ/ বৎসর/সেশন | পরিত্যাগের তারিখ/বৎসর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১১. কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকারের সংস্থাসহ বেসরকারি প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকরি করে থাকলে/বর্তমানে কর্মরত থাকলে তার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং প্রয়োজ্য ক্ষেত্রে পরিত্যাগের কারণ:

| ক্রমিক নম্বর | নিয়োগকারী অফিস/ব্যবসা প্রতিষ্ঠানের নাম | তারিখ হতে | তারিখ পর্যন্ত | কর্মরত থাকলে (কর্মরত লিখতে হবে) | পরিত্যাগ করলে (পরিত্যাগের কারণসহ) |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |

বাংলাদেশ স্বশস্ত্র বাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকরি করে থাকলে, অব্যাহতি সার্টিফিকেটে লিপিবদ্ধ চাকরির মেয়াদ, কী কী দায়িত্ব পালন করেছেন এবং চাকরি ও আচার-ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরণাদি উল্লেখ করতে হবে।

১২. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিনা (হ্যাঁ/না).........

[মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সেই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

১৩. ক. প্রার্থী প্রতিবন্ধী কীনা (হ্যাঁ/না)

[প্রতিবন্ধী কোটার প্রার্থী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

খ. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভূক্ত প্রার্থী কীনা (হ্যাঁ/না)

[প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থী হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

গ. প্রার্থী তৃতীয় লিঙ্গের কীনা (হ্যাঁ/না)...

[তৃতীয় লিঙ্গ কোটার প্রার্থী হলে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

**টীকা: সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হতে হবে যে, বর্ণিত ভূতপূর্ব সামরিক কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার ও প্রতিবন্ধী প্রার্থী কর্তৃক দাখিলকৃত সার্টিফিকেট যথাযথ এবং সন্তোষজনক।**

চলমান পাতা-০৩

১৪. ফৌজদারি, রাজনৈতিক বা অন্য কোনো মামলায় গ্রেফতার, অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কার হয়েছেন কীনা, হয়ে থাকলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হবে:

১৫. নিকট আত্মীয়-স্বজনের কেউ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকরিতে নিযুক্ত থাকলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখপূর্বক পূর্ণ বিবরণ:

| ক্রমিক নম্বর | আত্মীয়-স্বজনের নাম | পদের নাম | কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

১৬. প্রার্থীর চরিত্র ও পূর্ণ পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সাথে আত্মীয় সূত্রে আবদ্ধ নন এমন দু'জন গণ্যমান্য ব্যক্তির ঠিকানাসহ নাম:

| ক্রমিক নম্বর | নাম | ঠিকানা |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |

১৭. বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হলে বা বিয়ের প্রস্তাব থাকলে, যাকে বিয়ে করা হয়েছে বা বিয়ে করার প্রস্তাব রয়েছে তার নাগরিকত্ব উল্লেখ করতে হবে):

আমি শপথপূর্বক বলছি যে, ওপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক। মিথ্যা তথ্যের জন্য প্রার্থিতা/পরীক্ষা বাতিলসহ আমার বিরুদ্ধে প্রযোজ্য অন্যান্য ব্যবস্থা নেওয়া যেতে পারে।

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবি
এবং পুরা ঠিকানাসহ অফিসের নাম ও তারিখ

চলমান পাতা-০৪

## দ্বিতীয় ভাগ:

[জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করবেন]

উপযুক্ত:

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্ত:

স্থান:..........................................

তারিখ:..........................................

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ/
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ

---

টীকা: প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোনো কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোনো তথ্য পাওয়া যায় তাহলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের এডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট পাঠাবেন।

প্রতিস্বাক্ষরিত...........................
এডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ, ঢাকা